



Phone No. 03564 260419

SAHEED KSHUDIRAM COLLEGE

KAMAKHYAGURI :: ALIPURDUAR :: PIN- 736202

NAAC ACCREDITED GRADE – 'B+'

(Affiliated to the University of North Bengal) 2(f) & 12(B) recognized U.G.C.

E-mail : saheedkshudiramcollege@gmail.com, Website : www.saheedkshudiramcollege.ac.in

Ref. No.

Date- 07/07/2026

ADMISSION NOTICE

বিষয়: ফেজ ২ (Phase II): মপ-আপ (MOP-UP) ভর্তি প্রক্রিয়া সংক্রান্ত নির্দেশনাবলী

এতদ্বারা সকল আবেদনকারী ছাত্র-ছাত্রীদের জানানো যাচ্ছে যে, সেন্ট্রালাইজড অ্যাডমিশন পোর্টাল এবং উচ্চশিক্ষা দপ্তর/WBSCH-এর ওয়েবসাইটে মপ-আপ রাউন্ডের শূন্য আসনের তালিকা (কলেজ, কোর্স ও ক্যাটাগরি ভিত্তিক) প্রকাশ করা হয়েছে। এই প্রক্রিয়ার গুরুত্বপূর্ণ নিয়মাবলী নিচে দেওয়া হলো:

ক) আবেদন করার যোগ্যতা:

১. নতুন আবেদন: মপ-আপ সেন্ট্রালাইজড অ্যাডমিশন রাউন্ডের জন্য নতুন করে আবেদন আহ্বান করা হবে।

২. পূর্ববর্তী নিবন্ধিত প্রার্থী: প্রথম ফেজে (Phase I) নিবন্ধিত যে সমস্ত প্রার্থীরা কোনো আসন পাননি অথবা পূর্ববর্তী কোনো আসনে ভর্তি হননি, তারা অবশিষ্ট শূন্য আসনের বিপরীতে নতুন করে পছন্দের তালিকা (Preference List) তৈরি করে আবেদন করতে পারবেন।

৩. ভর্তি বাতিল করা প্রার্থী: যারা আগের সেন্ট্রালাইজড ভর্তি প্রক্রিয়ায় ভর্তি হয়েও পরবর্তীতে তা বাতিল (Cancel) করেছেন, তারাও শূন্য আসনের বিপরীতে নতুন করে পছন্দের তালিকা জমা দিতে পারবেন।

৪. কারা আবেদন করতে পারবেন না: যারা ইতিমধ্যেই পূর্ববর্তী সেন্ট্রালাইজড প্রক্রিয়ায় ভর্তি হয়ে আছেন, তারা নতুন করে আবেদন করতে পারবেন না।

খ) আসন আপগ্রেডেশন (Up-gradation Rules):

১. মপ-আপ রাউন্ডে আসন পাওয়ার পর শিক্ষার্থীরা চাইলে আপগ্রেডেশনের (Up-gradation) সুযোগ পাবেন। ফেজ ২-এর আপগ্রেডেশন রাউন্ডে শুধুমাত্র মপ-আপে পাওয়া আসনের চেয়ে উচ্চ পছন্দের (Higher Ranked) আসনগুলোই বিবেচনার মধ্যে আনা হবে।

২. বিশেষ সতর্কবার্তা: যে সকল প্রার্থী মপ-আপ রাউন্ডে তাদের প্রথম পছন্দের (First Preference) আসনটি পেয়ে যাবেন, তারা সাময়িক ভর্তি (Provisional Admission) নিন বা না নিন, কোনো অবস্থাতেই ফেজ ২-এর আপগ্রেডেশন রাউন্ডের জন্য বিবেচিত হবেন না।

গ) আপগ্রেডেশনের পর করণীয় ও ফি সংক্রান্ত নিয়ম:

১. আসন বন্টনের পর সাময়িক ভর্তির জন্য পোর্টালটি একটি নির্দিষ্ট সময়ের জন্য খোলা হবে।

২. যদি কোনো শিক্ষার্থী আপগ্রেডেড আসনটি গ্রহণ করতে চান, তবে তার আগের আসনটি স্থায়ীভাবে বাতিল হয়ে যাবে। আর যদি তিনি আপগ্রেডেড আসনে ভর্তি হতে না চান, তবে পূর্ববর্তী রাউন্ডের সাময়িক ভর্তিটিই বহাল থাকবে।

ঘ) ফি সম্বন্ধ: আপগ্রেডেড আসনের ভর্তি ফি বেশি হলে প্রার্থীকে শুধুমাত্র অতিরিক্ত অর্থটুকু জমা দিতে হবে। পক্ষান্তরে, নতুন আসনের ফি আগের চেয়ে কম হলে, অবশিষ্ট অতিরিক্ত টাকাটি সম্পূর্ণ অনলাইন ভর্তি প্রক্রিয়া শেষ হওয়ার পর প্রার্থীর আবেদনপত্রে দেওয়া ব্যাঙ্ক অ্যাকাউন্টে ফেরত (Refund) দেওয়া হবে।

সংশ্লিষ্ট সকল ছাত্র-ছাত্রীকে নির্দিষ্ট সময়ের মধ্যে পোর্টাল ভিজিট করে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার জন্য অনুরোধ করা হচ্ছে।



Saheer
Principal/T.I.C.
Saheed Kshudiram College
Kamakhya Guri, Alipurduar
Principal
Saheed Kshudiram College
Kamakhya Guri, Alipurduar